গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

বিষয় ঃ উপজেলা পরিষদের জুলাই ২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।
সভাপতি ঃ মোঃ নুরুন্নবী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
সভার তারিখ ও সময়ঃ ৩০ জুলাই ২০২৩ সময়: বেলা ১২ ঘটিকা।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

**(সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা সংশ্লিষ্ট হাজিরা বহিতে সংরক্ষিত রয়েছে)**

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর আজকের সভাটি পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বিভাগ/দপ্তর ভিত্তিক আলোচনা শুরু করেন। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

১ বিগত সভার কার্যবিবরণী সম্পর্কে আলোচনা ঃ

**উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণীর সারসংক্ষেপ সভায় উপস্থাপন করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, পরিমার্জন/সুপারিশ থাকলে তা সভায় উপস্থাপনের জন্য সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণকে অনুরোধ জানানো হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, পরিমার্জন/সুপারিশ না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।**

২ উপজেলা প্রকৌশল দপ্তরঃ

উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান, গত ২০২২-২০২৩ অর্থ বছরের সকল প্রকল্পের কাজ ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে শেষ হয়েছে। কাজের গুণগতমান সন্তোষজনক চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রাপ্ত বরাদ্দের অনুকূলে আগামী ২০/০৮/২০২৩ তারিখের মধ্যে এডিপি প্রকল্পের তালিকা দাখিল করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। তিনি সভায় আরো জানান পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ২৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ১২টি বিদ্যালয় হস্তান্তরিত হয়েছে। অবশিষ্ট ১১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কাজ চলমান। IRIDP-3 প্রকল্পের আওতায় ০৪ (চার)টি রাস্তার কাজ চলমান। GOBM আওতায় ২০২৩-২০২৪ ইং অর্থ বছরের ১ (এক)টি রাস্তার কাজ চলমান। বঙ্গসোনাহাট ইউনিয়ন পরিষদ মেরামত করণ কাজের ৯৯০০০০/- (নয় লক্ষ নব্বই হাজার) টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। যার টেন্ডার প্রক্রিয়াধীন রয়েছে।

সভায় আলোচনা ও সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে নিম্নোক্ত প্রকল্প সমূহ গ্রহণ করা হয়।

| ক্রঃ নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য | পদ্ধতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | উপজেলা পরিষদের ৬নম্বর ভবনের 'ক' ইউনিট মেরামত/সংস্কার ও রং করণ। | ২০০০০০/- | PIC | |
| ২। | উপজেলা পরিষদ চত্বরের বিভিন্ন স্থানে সিসি ক্যামেরা স্থাপন। | ১৫০০০০/- | PIC | |
| ৩। | উপজেলা পরিষদ ভবনের সেপ্টিক ট্যাং পরিস্কার ও মেরামত করণ। | ১০০০০০/- | PIC | |
| ৪। | উপজেলা হিসাবরক্ষণ কার্যালয়ের অফিস কক্ষ মেরামত করণ। | ২০০০০০/- | PIC | |
| | মোট টাকা= | ৬৫০০০০/- | | |

ADP প্রকল্পঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপি'র বরাদ্দ পাওয়া যায় নাই। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পরবর্তীতে প্রকল্প গ্রহণ করা হবে।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দ্বারা বর্ণিত প্রকল্প সমূহ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)ঃ

উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় প্রাপ্ত বরাদ্দ মোতাবেক উপজেলা প্রকল্প বাছাই কমিটি কর্তৃক বাছাই ও সুপারিশকৃত ০৪ (চার)টি প্রকল্প উপস্থাপন করেন যা নিম্নরূপ:

১) বঙ্গসোনাহাট ইউনিয়নের চর বলদিয়া গ্রামের ছতু মন্ডলের বাড়ীর নিকট জলাবদ্ধতা নিরসনে ড্রেন/ক্যানেল নির্মাণ।
২) পাথরডুবি বাজার সংলগ্ন প্রথমিক বিদ্যালয়ের সামনে জলাবদ্ধতা নিরসনে ড্রেন নির্মাণ।
৩) বঙ্গবন্ধু দ্বিমূখী উচ্চ বিদ্যালয়ে ছাত্রীদের জন্য কমনরুম মেরামত ও উন্নয়ন এবং ওয়াশব্লক নির্মাণ।
৪) মইদাম মহাবিদ্যালয়ের শ্রেণীকক্ষ মেরামত ও উন্নয়ন।

প্রকল্পসমূহ সম্পর্কে বিস্তারিত আলোচনা শেষে ০২ (দুই) টি প্যাকেজ আকারে প্রকল্প প্রস্তুতের জন্য পরামর্শ দেয়া হয়:

প্রকল্প-০১। ভূরুঙ্গামারী উপজেলায় কৃষি উন্নয়নের জন্য জলাবদ্ধতা নিরসনে ড্রেন/ক্যানেল নির্মাণ বিষয়ক উপ-প্রকল্প ২৫৮৮৮০৫/-

**প্রকল্প-০২। শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রীদের জন্য ওয়াশব্লক নির্মাণ এবং কমনরুম ও শ্রেণীকক্ষ মেরামত বিষয়ক উপ-প্রকল্প- ১৪,১১,১৯৫/-**

সিদ্ধান্ত ঃ সভায় উপস্থাপিত প্রকল্প সমূহ ব্যয়-বরাদ্দ সহ অনুমোদন পূর্বক ইউজিডিপি প্রকল্প ইউনিটে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকৌশলী/ইউডিএফ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

মোঃ নুরুন্নবী চৌধুরী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৪ **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস ঃ**

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান স্বাস্থ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ হাসপাতালে আগত জনগণের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৫ **উপজেলা প্রাণিসম্পদ অফিসঃ**

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। ইতোমধ্যে গবাদি পশুর লাম্পি স্কীন ডিজিজ কমে গেছে।

সিদ্ধান্ত ঃ উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রমকে অধিকতর গতিশীল রাখার জন্য এবং গবাদি পশুর বিভিন্ন রোগ বালাই দূরীকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৬ **উপজেলা শিক্ষা অফিস ঃ**

উপজেলা শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় জানান প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে শিক্ষা বিভাগ যথাযথ কার্যক্রম পরিচালনা করে আসছেন। ইতোমধ্যে বঙ্গমাতা ফুটবল টুর্নামেন্ট ইউনিয়ন পর্যায়ে শেষ হয়েছে। আগামী মাসে উপজেলা পর্যায়ে এ টুর্নামেন্ট অনুষ্ঠিত হবে। তিনি সভায় সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্ত ঃ প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করার জন্য সভায় উপজেলা শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী,কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৭ **উপজেলা রিসোর্স সেন্টার ঃ**

ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৮ **উপজেলা কৃষি অফিস ঃ**

উপজেলা কৃষি অফিসার সভায় জানান তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। রোপা-আমনের বীজতলায় কোন প্রকার ক্ষয়ক্ষতি হয় নাই। মাঠে রোপা-আমনের চারা রোপন করা হচ্ছে।

সিদ্ধান্ত ঃ কৃষি বিভাগের কার্যক্রমকে আরো গতিশীল রাখাসহ রোপা-আমনের মৌসুমে কৃষকদেরকে প্রয়োজনীয় সহায়তার জন্য উপজেলা কৃষি অফিসারকে পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা কৃষি অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৯ **উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর ঃ**

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় জানান খাদ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

সিদ্ধান্ত ঃ খাদ্য বিভাগের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১০ **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ**

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে। তিনি সভায় আরো জানান এ বছর ভূরুঙ্গামারী উপজেলায় এসএসসি ও সমমান পরীক্ষায় পাশের হার ৭১%।

সিদ্ধান্ত ঃ মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণসহ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে বিদ্যালয় পরিদর্শন পূর্বক আগামী সভায় প্রতিবেদন উপস্থাপন করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১১ **উপজেলা পল্লী উন্নয়ন অফিস ঃ**

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১২ **উপজেলা মহিলা বিষয়ক অফিস ঃ**

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৩ **উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ**

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।

সিদ্ধান্ত ঃ উপজেলা যুব উন্নয়ন অফিসের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।

মোঃ নুরুন্নবী চৌধুরী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

বাস্তবায়নে ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৪ **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ**

উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভূরুঙ্গামারী সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

সিদ্ধান্ত ঃ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৫ **উপজেলা পরিসংখ্যান বিভাগ ঃ**

উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা পরিসংখ্যান অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৬ **উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ ঃ**

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।

সিদ্ধান্ত ঃ উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৭ **ইসলামিক ফাউন্ডেশন ঃ**

ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশনের প্রতিনিধি সভায় জানান ইসলামিক ফাউন্ডেশনের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

সিদ্ধান্ত ঃ ইসলামিক ফাউন্ডেশনের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৮ **উপজেলা সমাজসেবা অফিস ঃ**

উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান এ উপজেলায় বিভিন্ন ভাতাভোগীদের লাইফ ভেরিফিকেশন কার্যক্রম চলমান রয়েছে। এ কার্যক্রমে সহযোগিতা প্রদানের জন্য তিনি সভায় ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ উপজেলা সমাজসেবা অফিসারকে সমাজ সেবা বিভাগের কার্যক্রমের গতিশীলতা ফিরিয়ে আনার জন্য এবং নতুন ভাতাভোগী প্রতিস্থাপনের ক্ষেত্রে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভায় উপজেলা সমাজ সেবা অফিসারকে পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা সমাজ সেবা অফিসার/ইউপি চেয়ারম্যান (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৯ **পল্লী বিদ্যুৎ সমিতি ঃ**

ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ ঃ লোডশেডিং সহনীয় পর্যায়ে রাখার জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভুরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি/সংশ্লিষ্ট সকল, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২০ **কাস্টমস বিভাগ ঃ**

সভায় রাজস্ব কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ রাজস্ব কর্মকর্তা, জয়মনিরহাট, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২১ **ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ**

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রমকে গতিশীল রাখার জন্য এবং বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে গৃহীত প্রকল্প যথাসময়ে বাস্তবায়নের জন্য সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২২ **মৎস্য বিভাগঃ**

উপজেলা মৎস্য কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। জাতীয় মৎস্য সপ্তাহ চলমান রয়েছে। জাতীয় মৎস্য সপ্তাহের আজ শেষ দিন। এ উপজেলায় জাতীয় মৎস্য সপ্তাহ পালনে সহযোগিতার জন্য সংশ্লিষ্ট সকলকে তিনি সভায় ধন্যবাদ জানান।

সিদ্ধান্ত ঃ কারেন্ট জাল দ্বারা মাছ ধরা দন্ডনীয় অপরাধ এ বিষয়ে জনসচেতনতা সৃষ্টির জন্য সভায় উপজেলা মৎস্য কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ উপজেলা মৎস্য কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৩ **পরিবার পরিকল্পনা বিভাগঃ**

উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

মোঃ নুরুন্নবী চৌধুরী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৪ **সমবায় বিভাগঃ**

উপজেলা সমবায় অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা সমবায় অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৫ **আইসিটি বিভাগঃ**

সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। তিনি সভায় উপস্থিত সকলকে স্ব-স্ব দপ্তরের সকল কার্যক্রম ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ জানান। জাতীয় তথ্য বাতায়ন আপডেট করার জন্য তিনি সভায় উপস্থিত সকলকে অনুরোধ জানান। স্মার্ট বাংলাদেশ পুরস্কার ২০২৩ এর আবেদন গ্রহণ করা হচ্ছে। যে কেউ আবেদন করতে পারেন।

সিদ্ধান্ত ঃ সকল দপ্তরের স্ব-স্ব কার্যক্রম ওয়েব পোর্টালে আপলোড করার জন্য সংশ্লিষ্ট সকলকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়/সংশ্লিষ্ট (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৬ **বনবিভাগ ঃ**

ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান বনবিভাগের কার্যক্রম যথারীতি চলছে।

সিদ্ধান্ত ঃ বন বিভাগের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৭ **পল্লী সঞ্চয় ব্যাংক ঃ**

ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৮ **উপজেলা নির্বাচন অফিস ঃ**

উপজেলা নির্বাচন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা নির্বাচন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৯ **মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন সংক্রান্ত ঃ**

সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ভূরুঙ্গামারী উপজেলা কমান্ড, ভুরুঙ্গামারী,কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় বীর মুক্তিযোদ্ধাদের সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ভূরুঙ্গামারী উপজেলা কমান্ড, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩০ **বিএডিসি (সেচ) ঃ**

সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), কুড়িগ্রাম সভায় ভূ-উপরিস্থ পানি সংরক্ষণের মাধ্যমে ক্ষুদ্র সেচ উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) (২০১৮-২০২২) বাস্তবায়িত কার্যক্রম সভায় উপস্থাপন করেন। সভায় তিনি এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্ত ঃ ভূরুঙ্গামারী উপজেলায় বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য তাকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), কুড়িগ্রাম।

৩১ **পাথরডুবী ইউনিয়ন পরিষদ ঃ**

চেয়ারম্যান, পাথরডুবী ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় তার ইউনিয়নের সর্বজা বিলের পাড়ের জায়গায় আশ্রয়ণ প্রকল্পের ঘর নির্মাণের অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ উপকার ভোগীদের নামের তালিকা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর প্রেরণের জন্য সভায় চেয়ারম্যান, পাথরডুবী ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ চেয়ারম্যান, পাথরডুবী ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩২ **বঙ্গসোনাহাট ইউনিয়ন পরিষদ ঃ**

চেয়ারম্যান, বঙ্গসোনাহাট ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান সোনাহাট বাজারে সামান্য বৃষ্টিতেই পানি জমে যায়। এতে করে ক্রেতা-বিক্রেতা উভয়েই দূর্ভোগের শিকার হচ্ছে। ড্রেনেজ ব্যবস্থা করার জন্য সভায় অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ আলোচ্য বিষয়ে ইউনিয়ন পরিষদে আলোচনা করতঃ সভার কার্যবিরণী এ কার্যালয়ে প্রেরণের জন্য সভায় চেয়ারম্যান, বঙ্গসোনাহাট ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ চেয়ারম্যান, বঙ্গসোনাহাট ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩৩ **তিলাই ইউনিয়ন পরিষদ ঃ**

চেয়ারম্যান, তিলাই ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার ইউনিয়ন পরিষদের মাঠের পার্শ্বে পুকুর পাড়ে ১টি কদম ও ১টি

চৌধুরী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

শিমুল গাছ ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। গাছ ২টি যে কোন মহুর্তে উপরে পড়ে জানমালের ব্যাপক ক্ষতি হতে পারে। এ বিষয়ে তিনি গত ৩০/০৩/২০২৩ তারিখে ইউনিয়ন পরিষদের মাসিক সভায় গাছ ২টি কর্তনের সিদ্ধান্ত গ্রহণ করতঃ সভার কার্যবিবরণী ২১/০৬/২০২৩ তারিখের তিঃইউপি/ভূঃমারী/কুড়ি/২৩-২৩৭ নং স্মারক পত্রে উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম বরাবর প্রেরণ করেছেন মর্মে সভায় উল্লেখ্য করেন। জানমাল রক্ষার্থে ঝুঁকিপূর্ণ গাছ ২টি জরুরী ভিত্তিতে কর্তন করা প্রয়োজন বলে মত প্রকাশ করেন।

তিলাই ইউনিয়ন পরিষদের ঝুঁকিপূর্ণ গাছ ২টি কর্তন বিষয়ে ফরেস্টার, সামাজিক বনায়ন নাসারী কেন্দ্র, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামের নিকট হতে প্রতিবেদন চাওয়া হলে তিনি ইতোমধ্যে ২৪/০৬/২০২৩ তারিখের ১৮/ভূঃমারী-১৭ নং স্মারক পত্রে ১টি শিমুল গাছ ১৩৬৬০/- টাকা ও ১টি কদম গাছের মূল্য ৩৯৭৯/- টাকা সহ সর্বমোট ১৭৬৩৯/- টাকা মূল্য নির্ধারণ পূর্বক হেলে পড়া ঝুঁকিপূর্ণ গাছ ২টি যে কোন সময় ঝড়-বাতাসে ভেঙ্গে পড়ে জানমালের ক্ষতির সম্ভাবনা রয়েছে মর্মে উল্লেখ পূর্বক প্রাক্কলন দাখিল করেছেন। যা সভায় উপস্থাপন করা হয়। সভায় বর্ণিত ১টি শিমুল ও ১টি কদম গাছ নিলামে বিক্রয় প্রসঙ্গে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ তিলাই ইউনিয়ন পরিষদের মাঠের পার্শ্বে পুকুর পাড়ে ১টি কদম ও ১টি শিমুল নামীয় হেলে পড়া গাছ ২টি ঝুঁকিপূর্ণ অবস্থায় থাকায় জানমালের ক্ষতির হাত থেকে রক্ষার্থে কর্তনের জন্য চেয়ারম্যান, তিলাই ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে ব্যাপক প্রচার-প্রচারণা করতঃ বিধি মোতাবেক প্রকাশ্য নিলামে বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক বিক্রয়লব্দ অর্থ সরকারি কোষাগারে জমা দানের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ চেয়ারম্যান, তিলাই ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী।

৩৪ **উপজেলা পরিষদঃ**

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের প্রশাসনিক কর্মকতা গত জুন/২০২৩ মাসের খরচের বিবরণী সভায় উপস্থাপন করেন। জনস্বার্থে ও অফিসের জরুরী প্রয়োজনে ব্যয়সমূহ করা হয়েছে। বিধায় তা অনুমোদনের জন্য অনুরোধ জানান।**

**মাসের নাম ঃ জুন/২০২৩**

| নং | ব্যয়ের বিবরণী | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১. | জনাব মোঃ নুরুন্নবী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদকে জুন/২০২৩ মাসের সম্মানী ভাতা ও বাসাভাড়া বিল প্রদান | ৪৫,০০০/- |
| ২. | জনাব মোঃ জালাল উদ্দিন মন্ডল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে জুন/২০২৩ মাসের সম্মানী ভাতা বিল প্রদান | ২৭,০০০/- |
| ৩. | জনাব মোছাঃ শাহানারা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে জুন/২০২৩ মাসের সম্মানী ভাতা বিল প্রদান | ২৭,০০০/- |
| ৪. | জনাব মোঃ নুরুন্নবী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদকে জুন/২০২৩ মাসের ভ্রমণ ভাতা বিল প্রদান | ১১,২৫০/- |
| ৫. | জনাব মোঃ জালাল উদ্দিন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে জুন/২০২৩ মাসের ভ্রমণ ভাতা বিল প্রদান | ৮০০০/- |
| ৬. | জনাব মোছাঃ শাহানারা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে জুন /২০২৩ মাসের ভ্রমণ ভাতা বিল প্রদান | ৮০০০/- |
| ৭. | মোঃ শাহিনুর আলম, মালী, উপজেলা পরিষদকে জুন /২০২৩ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ১৫৪০০/- |
| ৮. | মোঃ আমিনুর রহমান, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা পরিষদকে জুন /২০২৩ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ১৫৪০০/- |
| ৯. | মোঃ আঃ হামিদ, পাহাড়াদার, উপজেলা পরিষদকে জুন /২০২৩ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ২০০০/- |
| ১০. | মোঃ আঃ রহিম বাদশা, পানির পাম্পচালক, উপজেলা পরিষদকে জুন /২০২৩ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ১০০০/- |
| ১১. | মোঃ আবুল হোসেন, উপজেলা পরিষদ ক্যান্টিন, ভূরুঙ্গামারীকে জুন /২০২৩ মাসের আপ্যায়ন বিল প্রদান (ভ্যাটসহ) | ৩০,০০০/- |
| ১২. | মোঃ আসাদুজ্জামান, আসাদ ফটোস্ট্যাট, ভূরুঙ্গামারীকে জুন /২০২৩ মাসের আনুসাঙ্গিক খরচের বিল প্রদান (ভ্যাটসহ) | ৫,০০০/- |
| ১৩. | মোঃ শাহিনুর আলম, টেকনিশিয়ান, ইউএনও অফিস, জুন /২০২৩ মাসের মডেম রিচার্জ বিল প্রদান (ভ্যাটসহ) | ৪,২০০/- |
| ১৪. | শ্রীমতি সোভারানী, ভূরুঙ্গামারী জুন /২০২৩ মাসের উপজেলা পরিষদ চত্বর পরিস্কারকরণের মজুরী বিল প্রদান | ৩,০০০/- |
| ১৫. | মেসার্স সাহা ফিলিং স্টেশন, কুড়িগ্রাম। উপজেলা পরিষদের জীপগাড়ীর জ্বালানী তেল ও অন্যান্য বিল | ১৯২২১৫/- |
| ১৬. | মোঃ লুৎফর রহমান, মেসার্স এলটি ব্রিকস, গছিডাঙ্গা, পাইকেরছড়া। মুক্তিযুদ্ধ স্মৃতি যাদুঘরের পার্শ্বে বাউন্ডারী ওয়াল নির্মাণ | ২৩৫৩৫/- |
| ১৭. | মোঃ লুৎফর রহমান, মেসার্স এলটি ব্রিকস, গছিডাঙ্গা, পাইকেরছড়া। মুক্তিযুদ্ধ স্মৃতি যাদুঘরের পার্শ্বে বাউন্ডারী ওয়াল নির্মাণ | ২৩৫৩৫/- |
| ১৮. | মোঃ শাহিনুর আলম, মালী, উপজেলা পরিষদকে পবিত্র ঈদ-উল আযহা উপলক্ষ্যে উৎসব ভাতা/২০২৩ প্রদান | ৮২৫০/- |
| ১৯. | মোঃ আমিনুর রহমান, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা পরিষদকে পবিত্র ঈদ-উল আযহা উপলক্ষ্যে উৎসব ভাতা/২০২৩ প্রদান | ৮২৫০/- |
| ২০. | মোঃ আঃ হামিদ, পাহাড়াদার, উপজেলা পরিষদকে পবিত্র ঈদ-উল আযহা উপলক্ষ্যে উৎসব ভাতা/২০২৩ প্রদান | ১৫০০/- |
| ২১. | মোঃ আঃ রহিম বাদশা, পানির পাম্পচালক, উপজেলা পরিষদকে পবিত্র ঈদ-উল আযহা উপলক্ষ্যে উৎসব ভাতা/২০২৩ প্রদান | ১০০০/- |
| ২২. | বিজ্ঞাপন ম্যানেজার, যুগান্তর, ঢাকা। ভূরুঙ্গামারী উপজেলার হাট-বাজার সমূহ ১৪৩০ বাংলা সনের জন্য বিজ্ঞপ্তি বিল | ১৬৫৬০/- |
| ২৩. | বিজ্ঞাপন ম্যানেজার, কালের কণ্ঠ, ঢাকা। উপজেলা পরিষদের আওতায়ভূক্ত সোনাতলী পুকুরের ১৪৩০, ১৪৩১ ও ১৪৩২ বাংলা সনের জন্য বিজ্ঞপ্তি বিল | ১৬৫৬০/- |
| ২৪. | এজিএম ম্যানেজার, দৈনিক আজকালের খবর, ঢাকা। ইউনিয়ন পরিষদ মেরামত করণের বিজ্ঞপ্তি নং-৪/২০২২-২৩ পত্রিকার বিল | ৩৩১২০/- |
| ২৫. | সম্পাদক, দৈনিক কুড়িগ্রাম খবর, কুড়িগ্রাম। ইউনিয়ন পরিষদ মেরামত করণের বিজ্ঞপ্তি নং-৫/২০২২-২৩ পত্রিকার বিল | ১৭৬৬৪/- |
| ২৬. | সম্পাদক, দৈনিক কুড়িগ্রাম খবর, কুড়িগ্রাম। ইউনিয়ন পরিষদ মেরামত করণের বিজ্ঞপ্তি নং-৬/২০২২-২৩ পত্রিকার বিল | ১১৭৭৬/- |

মোঃ নুরুন্নবী চৌধুরী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

| | | |
|---|---|---|
| ২৭. | মোঃ আবুল কালাম, সদস্য, তিলাই ইউপি, ভূরুঙ্গামারী। উপজেলা পরিষদের ৬নং ভবনের 'ক' ইউনিট মেরামত করণ (ভ্যাট ও আয়করসহ)। | ২০০০০০/- |
| ২৮. | মোঃ বারেক আলী, সদস্য, তিলাই ইউপি, ভূরুঙ্গামারী। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বাউন্ডারী ওয়াল নির্মাণ (ভ্যাট ও আয়করসহ)। | ২০০০০০/- |
| ২৯. | গোলাম মোস্তফা, সদস্য, তিলাই ইউপি, ভূরুঙ্গামারী। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত ও রং করণ (ভ্যাট ও আয়করসহ)। | ২০০০০০/- |
| ৩০. | মোছাঃ আয়শা বেগম, সদস্য, তিলাই ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ কার্যাল (পুরাতন ভবন) মেরামত করণ (ভ্যাট ও আয়করসহ)। | ২০০০০০/- |
| ৩১. | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভূরুঙ্গামারী, উপজেলা পরিষদের বিভিন্ন মিটারের বিদ্যুৎ বিল পরিশোধ করণ | ২৯২৫৪৭/- |
| ৩২. | মোঃ খোকনুজ্জামান, এফএম কম্পিউটার ওয়ার্ল্ড, ভূরুঙ্গামারী। উপজলো পরিষদের ১টি প্রিন্টার সরবরাহ করণ (ভ্যাট ও আয়করসহ)। | ২৪৫০০/- |
| ৩৩. | মোঃ শওকত ইসলাম মিলন, ইকরা ফার্নিচার, ভূরুঙ্গামারী। উপজেলা পরিষদের ৩টি কম্পিউটার চেয়ার সরবরাহ (ভ্যাট ও আয়করসহ)। | ২৪৯৯০/- |
| ৩৪. | মোঃ শওকত ইসলাম মিলন, ইকরা ফার্নিচার, ভূরুঙ্গামারী। উপজেলা পরিষদের ১টি কম্পিউটার চেয়ার ও কম্পিউটার টেবিল সরবরাহ (ভ্যাট ও আয়করসহ)। | ২৪৫০০/- |
| ৩৫. | মোঃ শহিদুল ইসলাম, ইরা ডিজিটাল স্টুডিও এন্ড মেটালিক, ভূরুঙ্গামারী। উপজেলা পরিষদের প্রধানমন্ত্রীর ছবি ও নেমপ্লেট, পানির লাইন ফিটিং ও ড্রেসিং গ্লাস সরবরাহ (ভ্যাট ও আয়করসহ)। | ২৪৫০০/- |
| ৩৬. | মোঃ আজিম উদ্দিন, কাঠ মিস্ত্রি, নলেয়া। উপজেলা পরিষদ কার্যালয়ের সোফা সেট মেরামত ও রং করণ (ভ্যাট ও আয়করসহ)। | ২৫০০০/- |
| ৩৭. | মোঃ আঃ রশিদ, এসি মিস্ত্রি, দেওয়ানের খামার। এসি লাগানো ও মেরামত কাজের মজুরী (ভ্যাট ও আয়করসহ)। | ২৫০০০/- |
| ৩৮. | মোঃ ফজল হোসেন, টিউবওয়েল বরিং মিস্ত্রি, দেওয়ানের খামার। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পানির লাইন ও নলকূপ স্থাপন (ভ্যাট ও আয়করসহ)। | ২৪৪৯৫/- |
| ৩৯. | মোঃ ফজল হোসেন, টিউবওয়েল বরিং মিস্ত্রি, দেওয়ানের খামার। উপজেলা পরিষদ কার্যালয়ের গভীর নলকূপ স্থাপন (ভ্যাট ও আয়করসহ)। | ২৪৮০০/- |
| ৪০. | মোঃ মোস্তাফিজুর রহমান, সি,এ, উপজেলা পরিষদ। ১৪৩০ বাংরা সনের হাট-বাজার ইজারা সংক্রান্ত বিল (ভ্যাট ও আয়করসহ)। | ২৪০০০/- |
| ৪১. | মোঃ গোলাম মোস্তফা, জীপ চালক, উপজেলা পরিষদ। উপজেলা পরিষদের পাজেরো জীপ গাড়ী মেরামত করণ (ভ্যাট ও আয়করসহ)। | ২১০০০/- |
| ৪২. | মোঃ লিটন মিয়া, বাগভান্ডার। বিভিন্ন স্থানসহ বন বিভাগ, কলেজ মোড়, জামে মসজিদ হতে চত্বরে উচু নিচু জায়গায় ভরাটসহ ড্রেন পরিস্কার করণের মজুরী বিল | ২৫০০০/- |
| ৪৩. | মোঃ ফজল হোসেন, টিউবওয়েল বরিং মিস্ত্রি, দেওয়ানের খামার। উপজেলা ডিজিটাল সেন্টারের পানির লাইন ও নলকূপ স্থাপন (ভ্যাট ও আয়করসহ)। | ২৪৮৬০/- |
| ৪৪. | মোঃ খোকনুজ্জামান, এফএম কম্পিউটার ওয়ার্ল্ড, ভূরুঙ্গামারী। ফটোকপি ও প্রিন্টার মেরামত এবং টোনার ক্রয়ের বিল (ভ্যাট ও আয়করসহ)। | ২২০০০/- |
| ৪৫. | মোঃ খোকনুজ্জামান, এফএম কম্পিউটার ওয়ার্ল্ড, ভূরুঙ্গামারী। উপজেলা পরিষদের ১টি কম্পিউটার সরবরাহের বিল (ভ্যাট ও আয়করসহ)। | ২৫০০০/- |
| ৪৬. | মোঃ শহিদুল ইসলাম, ইকবাল ফার্নিচার এন্ড থাই এ্যালমিনিয়া, ভূরুঙ্গামারী। উপজেলা পরিষদের হলরুমে ব্যবহারের জন্য ৫টি চেয়ার সরবরাহের বিল (ভ্যাট ও আয়করসহ)। | ২৫০০০/- |
| ৪৭. | *** *** | *** |

**সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ জনস্বার্থে করা হয়েছে বিধায় উক্ত ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।**

**সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করা হয়। চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি প্রকল্প প্রণয়ন পূর্বক জরুরী ভিত্তিতে দাখিল করার জন্য সভায় ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।**

**পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।**

(স্বাক্ষরিত) ৩০/০৭/২০২৩

(মোঃ নুরুন্নবী চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।